

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৭০৬

৪৯. রাসূলুল্লাহ (ৠৣঃ) এর হুলিয়া মুবারক (ৠৣঃ كتاب صفة النبي)

পরিচ্ছেদঃ ১. রাসূলুল্লাহ (্ৠঃ) এর হুলিয়া মুবারক

باب صفة النبي صلى الله عليه وسلم وقضايا أخرى

আরবী

حَدَّتَنِي عَنْ مَالِك عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَنسِ بْنِ مَالِكِ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْسَ بِالطَّوِيلِ الْبَائِنِ وَلَا بِالْقَصِيرِ وَلَيْسَ بِالْأَبْيَضِ الْأَمْهَقِ وَلَا بِالْآدَمِ وَلَا بِالْجَعْدِ الْقَطَطِ وَلَا بِالسَّبِطِ بَعَثَهُ اللَّهُ عَلَى رَأْسِ أَرْبَعِينَ سَنَةً فَأَقَامَ بِمَكَّةَ عَشْرَ سِنِينَ وَبَالْمَدِينَةِ عَشْرَ سِنِينَ وَتَوَقَّاهُ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رَأْسِ سِتِينَ سَنَةً وَلَيْسَ فِي رَأْسِهِ وَلِحْيَتِهِ عِشْرُونَ شَعْرَةً بَيْضَاءَ وَلَيْسَ فِي رَأْسِهِ وَلِحْيَتِهِ عِشْرُونَ شَعْرَةً بَيْضَاءَ

বাংলা

রেওয়ায়ত ১. আনাস ইবন মালিক (রাঃ) বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিক লম্বা বা অধিক খাটো ছিলেন না। আর না তিনি চুনের মতো সাদা ছিলেন, না একেবারে শ্যাম বর্ণ ছিলেন (বরং সাদা লাল মিশান রং ছিল)। তাহার চুল মুবারক (হাবশীদের মতো) খুব কোঁকড়ানও ছিল না আর একেবারে সোজাও ছিল না। যখন তিনি চল্লিশ বৎসর বয়সের হইলেন তখন আল্লাহ তা'আলা তাহাকে নবী করিলেন। নবী হওয়ার পর দশ বৎসর তিনি মক্কায় অবস্থান করিলেন। ষাট বৎসর বয়সে ইনতিকাল করেন।[1] ঐ সময় তাহার চুল ও দাড়ির ২০টি চুলও সাদা হয় নাই।

English

Yahya related to me from Malik that Rabia ibn Abi Abd ar-Rahman heard Anas ibn Malik say, "The Messenger of Allah, may Allah bless him and grant him peace, was not excessively tall or short. He was not very pallid nor dark. He did not have curly hair or lank hair. Allah commissioned him at the age of forty. He stayed in Makka ten years and at Madina for ten years and Allah the Mighty, the Majestic made him die when he was sixty. There were not twenty white hairs in his hair or beard, may Allah bless him and grant him



peace."

ফুটনোট

[1] সহীহ মুসলিমে আছে, তাহার বয়স ৬৩ বৎসর হইয়াছিল। বুখারী-মুসলিমেও আয়েশা (রাঃ) কর্তৃক তাহার এই বয়সই বর্ণিত হইয়াছে। নবী হওয়ার পর তিনি মক্কায় ১৩ বৎসর এবং মদীনায় ১০ বৎসর ছিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন